দৈনিক বাংলা

তারিখ ... 16 NOV 1989

পৃষ্ঠা ... 9 ... কলাম ... ৪

32

## শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকারের জীবনবৃত্তান্ত

আলহাজ মোঃ মনসুর আলী সরকার ১৯৪৮ সালের ২১ই মার্চ দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলা সদরে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৪ সালে সুজাপুর হাই স্কুল থেকে এসএসসি ১৯৬৭ সালে দিনাজপুর সরকারী কলেজ থেকে এইচএসসি এবং ফুলবাড়ি ডিগ্রী কলেজ থেকে স্নাতক ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৭২ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্র বিজ্ঞানে এমএ পাস করেন।

জনাব মনসুর আলী সক্রিয়ভাবে ছাত্র রাজনীতির সাথে জড়িত ছিলেন। তিনি ছাত্র লীগ দিনাজপুর জেলা শাখার সহ-সভাপতি এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার প্রচার সম্পাদক ছিলেন। ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে সক্রিয়ভবে অংশগ্রহণ করেন এবং জুনিয়র কমান্ডিং অফিসার হিসাবে ফুলবাড়ী, পার্বতীপুর, ঘোড়াঘাট, হাকিমপুর ও নবাবগঞ্জ উপজেলার দায়িত্ব পালন করেন।

স্বাধীনতার পর তিনি ১৯৭৩ সাল থেকে '৭৫ সাল পর্যন্ত মুক্তিযোদ্ধা সংসদের দিনাজপুর জেলা শাখার সভাপতি এবং একই সাথে কেন্দ্রীয় কমিটির সহসভাপতির দায়িত্ব পালন করেন। পরে মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল গঠিত হলে তিনি ১৯৭৬ সালে দিনাজপুর জেলা শাখার সভাপতি ও কেন্দ্রীয় সংসদের সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন।

১৯৭৮ সালে জাগদল গঠিত হলে আলহাজ মনসুর আলী সরকার এর কেন্দ্রীয় আহবায়ক কমিটির কোষাধ্যক্ষ নিযুক্ত হন। পরবর্তীতে তিনি বিএনপি'র কেন্দ্রীয় কমিটির সদস্য নিযুক্ত হন। ১৯৭৯ সালে তিনি পার্বতীপুর ও ফুলবাড়ি নির্বাচনী এলাকা থেকে সংসদ সদস্য নিযুক্ত হন। ১৯৮০ সালে তিনি বৃহত্তর দিনাজপুর জেলা উন্নয়ন সমন্বয়কারী (উপমন্ত্রীর পদমর্যাদা) নিযুক্ত হন।

১৯৮৯ সালের ১৪ই নবেম্বর তিনি শিক্ষা প্রতিমন্ত্রী নিযুক্ত হন।

জনাব সরকার দিনাজপুর জেলার বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত। তিনি বিবাহিত এবং তিন কন্যা সন্তানের জনক। খবর তথ্য বিবরণীর।